



ইসরায়েল বিপদে পড়লে যুদ্ধে নামবে উগাভা: সেনাপ্রধান



সংগৃহীত ছবি

মধ্যপ্রাচ্যের চলমান সংঘাত দ্রুত শেষ হোক—এমনটাই প্রত্যাশা জানিয়েছে উগাভা। তবে ইসরায়েল যদি পরাজয়ের মুখে পড়ে, সে ক্ষেত্রে দেশটির পক্ষে যুদ্ধে অংশ নেওয়ার ইঙ্গিত দিয়েছেন উগাভার সেনাপ্রধান জেনারেল মুহাজি কাইনেরুগাবা।

বুধবার (২৫ মার্চ) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বার্তায় তিনি বলেন, বিশ্ব ইতোমধ্যে এই যুদ্ধ পরিস্থিতিতে ক্লান্ত। তবুও ইসরায়েলকে ধ্বংস বা হারানোর কোনো চেষ্টা হলে উগাভা নীরব থাকবে না; বরং তাদের সমর্থনে অবস্থান নেবে।

সাম্প্রতিক সময়ে ইসরায়েল ও ইরান-এর মধ্যে উত্তেজনা তীব্র হওয়ায় এই মন্তব্যকে তাৎপর্যপূর্ণ হিসেবে দেখা হচ্ছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলা এবং তার জবাবে ইরানের পাল্টা পদক্ষেপে পুরো অঞ্চলে অস্থিরতা বাড়ছে।

এর আগে কাইনেরুগাবা ১৯৭৬ সালের এন্টেবে বিমানবন্দর জিম্মি উদ্ধার অভিযান-এ নিহত ইসরায়েলি কমান্ডো ইয়োনাতান নেতানিয়াহু-র স্মরণে ভাস্কর্য নির্মাণের পরিকল্পনা জানিয়ে আলোচনায় আসেন। তিনি বর্তমান প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু-র ভাই।

এদিকে ফেব্রুয়ারির শেষ দিক থেকে ইসরায়েল-ইরান সংঘাত আরও তীব্র রূপ নিয়েছে। যুদ্ধবিমান, ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলার পাল্টাপাল্টিতে হতাহতের সংখ্যা বাড়ছে। এর প্রভাব ছড়িয়ে পড়েছে পার্শ্ববর্তী দেশগুলোতেও। পাশাপাশি হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল ব্যাহত হওয়ায় জালানি নির্ভর দেশগুলো অর্থনৈতিক চাপের মুখে পড়েছে।

সূত্র: আনাদোলু